FEB. 25 2[illegible]

মাস্টার্স শেষ বর্ষের পরীক্ষা

# সাদত কলেজ কেন্দ্রে ১৬ শত পরীক্ষার্থীর মধ্যে ৪৯২ জনই বহিষ্কার

টাঙ্গাইল সংবাদদাতা ॥ করটিয়াস্থ সরকারী সাদত বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে গতকাল শনিবার অনুষ্ঠিত মাস্টার্স শেষ পর্বের পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের অভিযোগে মোট ৪৯২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। এই সময় দুইজন ছাত্র শিক্ষকদের সহিত দুর্ব্যবহার করার কারণে পুলিশ তাহাদের গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হইতেছে শাহজাহান সিরাজ ও আমিনুল ইসলাম। এই কলেজের এক হাজার ছয় শত পরীক্ষার্থীর মধ্যে প্রথম দিনেই প্রায় এক-তৃতীয়াংশ পরীক্ষার্থী বহিষ্কৃত হওয়ায় বিষয়টি ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি করিয়াছে।

উল্লেখ্য, শিক্ষা সচিব ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ইতিপূর্বে সাদত কলেজ কেন্দ্রকে 'নকলপ্রবণ কেন্দ্র' হিসাবে চিহ্নিত করিয়া ডিসিকে নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করিতে দায়িত্ব দেন। গতকাল পরীক্ষা শুরুর পূর্বেই ডিসি মোল্লা ওয়াহেদুজ্জামান ও এসপি নূর মোহাম্মদ কয়েকজন ম্যাজিস্ট্রেট ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক টীমের সদস্যদের নিয়া উক্ত কলেজে যান এবং নকল প্রতিরোধে